নাম: জসিম

জন্ম তারিখ: ১ মার্চ, ১৯৮২

শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা: রিকশা চালক (ভাঁড়ায় চালিত)
শাহাদাতের স্থান : উত্তরা ক্রিসেন্ট হাসপাতাল, ঢাকা

শহীদের জীবনী

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম শহীদ জসিম ১৯৮২ সালের ০১ মার্চ জন্মগ্রহণ করেন।তার জন্মস্থান শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার মাটিয়াকুড়া গ্রাম।তার পিতা মরহুম আবুল কাশেম এবং মাতা জনাবা সুরুজ বানু।স্ত্রী-সন্তান এবং বৃদ্ধ মাকে নিয়ে তিনি ঢাকার দক্ষিণখানে এক রুমের একটি কক্ষে ভাড়া থাকতেন।তার বৃদ্ধ মা দুর্ঘটনাজনিত কারণে পা ভেঙে যাওয়ায় অন্যের ওপর নির্ভরশীল হয়ে জীবনযাপন করতেন।
শহীদ জসিম দক্ষিণখান এলাকায় ভাড়ায় অটো রিকশা চালিয়ে সংসারের ব্যয়ভার বহন করতেন।তার এক ছেলে ও এক মেয়ে।ছেলে মো: ফরহাদ, বয়স ৭ বছর।সে বাইতুন নূর মাদ্রাসায় নূরানী শ্রেণিতে পড়ে।মেয়ে হালিমার বয়স ৫ বছর।শহীদ জসিম ২০২৪ সালের ৫ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নিয়ে পুলিশের গুলিতে শাহাদাত বরণ করেন।

ঘটনা সংক্রান্ত বিবরণ
৫ আগস্ট ২০২৪ সোমবার বিকাল ৩ টায় শহীদ জসিম বৈষম্যবিরোধী ছাত্রজনতার আন্দোলনে অংশ নিতে উত্তরার জসিম উদ্দিন মোড়ে উপস্থিত হন।সে সময় পুলিশ ও যুবলীগের সন্ত্রাসী বাহিনী সাধারণ ছাত্রজনতাকে লক্ষ্য করে গুলি ছুড়তে থাকে।বিকেল সাড়ে তিনটার দিকে পুলিশের ছোড়া দুটো গুলি শহীদ জসিমের দুই পায়ের উরুতে বিদ্ধ হয়।মূহূর্তেই রক্তে ভেসে যায় রাজপথ।প্রচণ্ড গুলি আর টিয়ারশেলের মুখে তাকে তাৎক্ষণিকভাবে উদ্ধার করা সম্ভব হয়নি।পরবর্তীতে গোলাগুলি কিছুটা কমলে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।দীর্ঘক্ষণ রক্ত ক্ষরণের ফলে তাকে আর বাঁচানো সম্ভব হয়নি।সন্ধ্যা ৭ টার দিকে উত্তরার ক্রিসেন্ট হাসপাতালে ভর্তি থাকা অবস্থায় তিনি শাহাদাত বরণ করেন।পরেরদিন মঙ্গলবার শেরপুর নিজ গ্রামের মসজিদে শহীদের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে তাকে পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়।

শহীদ সম্পর্কে নিকটাত্মীয় ও প্রতিবেশীর বক্তব্য
শহীদের প্রতিবেশী লোকমান শরীফ বলেন "শহীদ জসিম অত্যন্ত সহানুভূতিশীল ও ভদ্র একজন মানুষ ছিলেন।তিনি আমাদের প্রতিবেশী।তাকে কারো সাথে কখনও কোনো খারাপ আচরণ করতে দেখিনি।যখন যে কাজ পেরেছেন করেছেন।কখনো কারোর কোনো ক্ষতি করেননি।আমি তার আত্মার মাগফিরাত কামনা করি।"

ব্যক্তিগত পরিচিতি
নাম : জসিম
পেশা : রিকশা চালক (ভাঁড়ায় চালিত)
জন্ম তারিখ ও বয়স : ১৯৮২ সালের ১ মার্চ, ৪১ বছর
আহত হওয়ার তারিখ : ৫ আগস্ট ২০২৪ সোমবার, বিকেল ৩.৩০ মিনিট
শাহাদাতের তারিখ ও স্থান : ৫ আগস্ট ২০২৪, সন্ধা ৭.০০ টা, উত্তরা ক্রিসেন্ট হাসপাতাল, ঢাকা
দাফন করা হয় : নিজ গ্রামে পারিবারিক কবরস্থানে
স্থায়ী ঠিকানা : গ্রাম: মাটিয়াকুড়া, উপজেলা: শ্রীবরদী, জেলা: শেরপুর
বর্তমান ঠিকানা : গ্রাম: পশ্চিম মোল্লারটেক, আশকোনা, থানা: দক্ষিণখান, জেলা: ঢাকা
পিতা : মরহুম আবুল কাশেম
মাতা : সুরুজ বানু, বয়স ৭০ বছর, অসুস্থ পা ভাঙা
বাড়ি ঘর ও সম্পদের অবস্থা : সহায় সম্পদ তেমন নেই
স্ত্রী'র বিবরণ : স্ত্রী বাসাবাড়িতে রান্নার কাজ করেন
ছেলে : মো: ফরহাদ, বয়স: ৭ বছর, শ্রেণি: নূরানী, বাইতুল নূর মাদ্রাসা
মেয়ে : হালিমা, বয়স: ৫ বছর